"প্রযুক্তি ও মমতায়, কল্যাণ ও সমতায়, আস্থা আজ সমাজসেবায়"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজসেবা অধিদফতর
উপজেলা সমাজসেবা কার্যালয়
ফুলতলা, খুলনা।
www.dss.phultala.khulna.gov.bd

**স্মারক নম্বর:** ৪১.০১.৪৭৬৯.০০০.০০০.১৬.০০০২.২৫.২৩৪

তারিখ: ২১ আষাঢ় ১৪৩৩
০৫ জুলাই ২০২৬

বিষয়: **২০২৬-২৭ অর্থবছরে বর্ধিত কোটায় বয়স্ক ভাতা, বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতা, প্রতিবন্ধী ভাতা ও শিক্ষা উপবৃত্তি এবং অনগ্রসর ভাতা ও শিক্ষা উপবৃত্তি কার্যক্রম বাস্তবায়নের জন্য অনলাইনে আবেদন গ্রহণ প্রসঙ্গে।**

সূত্র: ৪১.০১.০০০০.০০০.০৪৯.১৬.০৬২.২৪.৫৮৬ তারিখ: ৩০ জুন ২০২৬ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০২৬-২৭ অর্থবছরে **বয়স্ক ভাতা, বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতা, প্রতিবন্ধী ভাতা ও শিক্ষা উপবৃত্তি এবং অনগ্রসর ভাতা ও শিক্ষা উপবৃত্তি** কার্যক্রম বাস্তবায়নের জন্য অনলাইনে আবেদন গ্রহণ করা হবে। এমতাবস্থায় আপনার ইউনিয়নে মাইকিং-এর মাধ্যমে ব্যাপক প্রচার-প্রচারণার ব্যবস্থা করে ভাতা পাওয়ার উপযুক্ত ব্যক্তিদের নিকট থেকে **অনলাইনে আবেদন** করার প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের জন্য আপনাকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

**আবেদনের যোগ্যতা:**

১। ফুলতলা উপজেলার স্থায়ী নাগরিক হতে হবে।

২। বয়স্ক ভাতার ক্ষেত্রে আবেদনকারীর বয়স পুরুষ ৬৫ বা তদূর্ধ্ব বছর এবং মহিলা ৬২ বা তদূর্ধ্ব বছর হতে হবে।

৩। বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতা কর্মসূচিতে বিধবার ক্ষেত্রে স্বামীর মৃত্যু সনদ, তালাকপ্রাপ্তার ক্ষেত্রে তালাকনামা এবং স্বামী কর্তৃক নির্যাতিত হয়ে দীর্ঘদিন স্বামীর সাথে বসবাস করেন না এবং স্বামী তার ভরণপোষন প্রদান করেন না এমন ক্ষেত্রে সংশ্লিষ্ট চেয়ারম্যানের প্রত্যয়ন পত্র থাকতে হবে।

৪। প্রতিবন্ধী ভাতার ক্ষেত্রে আবশ্যিকভাবে **প্রতিবন্ধী ব্যক্তির পরিচয়পত্র** (সুবর্ণ নাগরিক কার্ড) থাকতে হবে।

৫। অনগ্রসর ভাতার ক্ষেত্রে বয়স ৫০ বা তদূর্ধ্ব হতে হবে এবং হিজড়া ভাতার ক্ষেত্রে বয়স প্রযোজ্য নয়।

৬। আবশ্যিকভাবে প্রতিবন্ধী ভাতা, প্রতিবন্ধী শিক্ষা উপবৃত্তি ও অনগ্রসর শিক্ষা উপবৃত্তির ক্ষেত্রে ডিজিটাল জন্ম সনদ/জাতীয় পরিচয়পত্র এবং অন্যান্য সকল ভাতার ক্ষেত্রে জাতীয় পরিচয়পত্র থাকতে হবে।

৭। **আবেদনকারীদের অবশ্যই নিজ জাতীয় পরিচয়পত্র দিয়েনিবন্ধিত সক্রিয় সিম-এর মোবাইল ব্যাংক হিসাব (নগদ/বিকাশ/রকেট/উপায়/এম ক্যাশ-এর মধ্যে যেকোনো একটি) নম্বর প্রদান করতে হবে। উল্লেখ্য যে, কোনো মোবাইল হিসাব নম্বর দিয়ে বর্তমানে ভাতা পেয়ে থাকলে সেই নম্বরটি কোনোক্রমেই অনলাইন আবেদনে ব্যবহার করা যাবে না।**

**বিশেষ দ্রষ্টব্য:**

১। পূর্বে অনলাইনে আবেদন করা থাকলে পুনরায় আবেদন করার প্রয়োজন নাই।

২। যারা ইতোমধ্যে কোনো একটি ভাতা পাচ্ছেন তাদের আবেদন করার প্রয়োজন নাই।

৩। অনলাইনে ভাতার আবেদন করলেই ভাতা প্রাপ্তির নিশ্চয়তা দেওয়া হচ্ছে না মূলত সরকারের বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে নীতিমালা অনুযায়ী অধিকতর যোগ্য আবেদনকারী ভাতার জন্য নির্বাচিত হবেন।

**আবেদনের লিংক:** https://dss.bhata.gov.bd/online-application

**আবেদনের সময়সীমা: ০১ আগস্ট ২০২৬ খ্রি. হতে ৩১ আগস্ট ২০২৬ খ্রি. পর্যন্ত**

০৫-০৭-২০২৬
মোঃ ফিরোজশাহ্
উপজেলা সমাজসেবা অফিসার
ফোন : ০১৭০৮-৪১৪৯৬৫
ইমেইল : usso.phultala@dss.gov.bd

চেয়ারম্যান, .......................ইউনিয়ন
ফুলতলা, খুলনা।

**স্মারক নম্বর:** ৪১.০১.৪৭৬৯.০০০.০০০.১৬.০০০২.২৫.২৩৪/১ (৪)

তারিখ: ২১ আষাঢ় ১৪৩৩
০৫ জুলাই ২০২৬

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। পরিচালক (উপসচিব), বিভাগীয় পরিচালকের কার্যালয়, বিভাগীয় পরিচালকের কার্যালয়, সমাজসেবা অধিদফতর, খুলনা।
২। উপপরিচালক, উপপরিচালকের দপ্তর, জেলা সমাজসেবা কার্যালয়, খুলনা।
৩। উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, ফুলতলা, খুলনা।
৪। উপজেলা .............................. অফিসার ও সদস্য, বয়স্ক, বিধবা ও প্রতিবন্ধী ভাতা কর্মসূচি বাস্তবায়ন সংক্রান্ত উপজেলা কমিটি, ফুলতলা, খুলনা।

০৫-০৭-২০২৬
মো: ফিরোজশাহ্
উপজেলা সমাজসেবা অফিসার